



ভোট নিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছেন দুয়েক সাংবাদিক, মার্কেট গরমের চেপ্টা: প্রেস সচিব



সংগৃহীত ছবি

নির্বাচন নিয়ে বিভ্রান্তি তৈরি করছেন কয়েকজন তথাকথিত জ্যেষ্ঠ সাংবাদিক— এমন মন্তব্য করেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি বলেন, সাধারণ মানুষ নির্বাচনকে ইতিবাচকভাবে নিচ্ছেন, তবে কিছু সাংবাদিক টেলিভিশনে এসে “মার্কেট গরম” করার চেপ্টা করছেন। নির্বাচন ঘিরে বিভ্রান্তি তৈরির চেপ্টা করছেন কয়েকজন সাংবাদিক— এমন অভিযোগ তুলেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। বৃহস্পতিবার (৯ অক্টোবর) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে আয়োজিত এক সংবাদ ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন।

প্রেস সচিব বলেন, “আমি তো দেখছি সাধারণ মানুষ খুব ইতিবাচকভাবে নিচ্ছেন যে নির্বাচন ফেরয়ারিতে হবে। কোনো বিভ্রান্তি নেই জনগণের মধ্যে। বরং কনফিউশন দেখছি দুয়েকজন তথাকথিত জ্যেষ্ঠ সাংবাদিকের মধ্যে। তারা টেলিভিশনে এসে এমন কথা বলেন, যাতে পরিস্থিতি উত্তপ্ত হয়। সোজা কথায়, তারা মার্কেট গরম করতে চান।”

তিনি আরও বলেন, “বাংলাদেশের মানুষ এখন নির্বাচনের জন্য পুরোপুরি প্রস্তুত। আমি বলবো—নির্বাচনের ট্রেন ইতোমধ্যে ছেড়ে গেছে। গ্রামে গেলে এখন থেকেই নির্বাচনের উত্তাপ টের পাওয়া যাচ্ছে। আজকেই তো একটি দল তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে।”

শফিকুল আলমের মতে, দেশের জনগণ নির্বাচনকে উৎসবমুখরভাবে গ্রহণ করছে, অথচ কিছু মিডিয়া ব্যক্তিত্ব অপ্রয়োজনে বিভ্রান্তি সৃষ্টি করছেন।

নির্বাচন ঘিরে বিভ্রান্তি তৈরির চেপ্টা করছেন কয়েকজন সাংবাদিক— এমন অভিযোগ তুলেছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। বৃহস্পতিবার (৯ অক্টোবর) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে আয়োজিত এক সংবাদ ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন।

প্রেস সচিব বলেন, “আমি তো দেখছি সাধারণ মানুষ খুব ইতিবাচকভাবে নিচ্ছেন যে নির্বাচন ফেরয়ারিতে হবে। কোনো বিভ্রান্তি নেই জনগণের মধ্যে। বরং কনফিউশন দেখছি দুয়েকজন তথাকথিত জ্যেষ্ঠ সাংবাদিকের মধ্যে। তারা টেলিভিশনে এসে এমন কথা বলেন, যাতে পরিস্থিতি উত্তপ্ত হয়। সোজা কথায়, তারা মার্কেট গরম করতে চান।”

তিনি আরও বলেন, “বাংলাদেশের মানুষ এখন নির্বাচনের জন্য পুরোপুরি প্রস্তুত। আমি বলবো—নির্বাচনের ট্রেন ইতোমধ্যে ছেড়ে গেছে। গ্রামে গেলে এখন থেকেই নির্বাচনের উত্তাপ টের পাওয়া যাচ্ছে। আজকেই তো একটি দল তাদের প্রার্থীদের নাম ঘোষণা করেছে।”

শফিকুল আলমের মতে, দেশের জনগণ নির্বাচনকে উৎসবমুখরভাবে গ্রহণ করছে, অথচ কিছু মিডিয়া ব্যক্তিত্ব অপ্রয়োজনে বিভ্রান্তি সৃষ্টি করছেন।